

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কারা অধিদপ্তর  
৩০/৩, উমেশ দত্ত রোড, বকশীবাজার, ঢাকা-১২১১  
www.prison.gov.bd



পত্র নং-৫৮.০৪.০০০০.০২১.০৩.০০৮.১৯-

১২২

তারিখঃ ২৩ আশ্বিন' ১৪২৮  
২৮ সেপ্টেম্বর' ২০২১


বিষয়ঃ জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন সংক্রান্ত কমিটির সভার কার্যবিবরণী বাস্তবায়ন

জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন সংক্রান্ত কমিটির সভা অনুষ্ঠানের তারিখ ও সময়ঃ ২১-০৯-২০২১, সকালঃ ১১:০০ ঘটিকা।  
সম্মেলন কক্ষ, কারা অধিদপ্তর, ঢাকা।

কারা মহাপরিদর্শক ব্রিগেডিয়ার জেনারেল মোঃ মোমিনুর রহমান মামুন এর সভাপতিত্বে কারা অধিদপ্তরের সকল কর্মকর্তা ও সকল শাখার প্রধান সহকারী ও সহকারীদের উপস্থিতিতে শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন সংক্রান্ত নৈতিকতা কমিটির সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় যে সকল বিষয়াদি সম্পর্কে বিস্তারিত আলোচনা হয়েছে তা নিয়ে বিবৃত করা হলোঃ


ক্র:নং	আলোচ্য বিষয়সমূহ	গৃহীত সিদ্ধান্তসমূহ	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ	মন্তব্য
১.	সঠিক দাপ্তরিক শৃঙ্খলাযুক্ত কর্মকান্ড।	ক) শাখাসমূহের মধ্যে সমন্বয় করে কাজ করা। খ) করোনাভাইরাস সংক্রমণের বিস্তার রোধ ও করোনা পরিস্থিতি মোকাবেলায় যুগোপযোগী পদক্ষেপ গ্রহণ করা। গ) সকল কর্মকর্তা ও কর্মচারীকে তাদের নিজ নিজ দায়িত্ব ও কর্তব্য সঠিকভাবে প্রতিপালন করা। ঘ) কর্মপরিকল্পনা বাস্তবায়নে নিয়মিত পরীক্ষণ ও হালনাগাদ করে যথাসময়ে উপস্থাপন করা। ঙ) তথ্য উপাত্ত দিয়ে ফাইল উপস্থাপন করা ও যথাযথভাবে ফাইল রক্ষণাবেক্ষণ করা। চ) কর্মকর্তা ও কর্মচারীদের নৈতিকতা ধারণা বৃদ্ধির লক্ষ্যে ধর্মীয় অনুশাসনের প্রতি গুরুত্ব আরোপ করা। ছ) নীতি নির্ধারনী ও অতীব গুরুত্বপূর্ণ চিঠিপত্র বা সার্কুলার সঠিকভাবে সংরক্ষণ করা। জ) কারা কর্মকর্তা ও কর্মচারীদের কাজের মানোন্নয়নের লক্ষ্যে যথাযথভাবে প্রশিক্ষণ প্রদান অব্যাহত রাখা। ঝ) কর্মকর্তা ও কর্মচারীদের পেনশন বা যেকোন আর্থিক পাওনাতির বিষয়ে চিঠিপত্র সংশ্লিষ্ট দপ্তরে প্রেরণ নিশ্চিত করা। ঞ) দাপ্তরিক কর্মকান্ড সঠিক ও নিয়মতান্ত্রিকভাবে সম্পাদন করা। ট) কারা কর্মকর্তা ও কর্মচারীদের সততা, সাহসিকতা ও বিভিন্ন গঠনমূলক কাজের স্বীকৃতি স্বরূপ প্রণোদনা বা পুরস্কার প্রদানের ব্যবস্থা করা। ঠ) মন্ত্রণালয়/অধিদপ্তরে অনুষ্ঠিতব্য বিভিন্ন ধরনের সভার নথি স্বয়ংসম্পূর্ণ ও তথ্য সমৃদ্ধ করে সংলাগ দিয়ে সঠিক ভাবে উপস্থাপন করা।	সহকারী কারা মহাপরিদর্শক (সকল) ও শাখা প্রধান (সকল)।	বাস্তবায়িত

২। পরিশেষে সকলকে অত্যন্ত নিষ্ঠার সাথে দাপ্তরিক কাজ সম্পন্ন করার পরামর্শ প্রদান করে সভার কাজ সমাপ্তি ঘোষণা করা হয়।

  
মোঃ মোমিনুর রহমান মামুন  
ব্রিগেডিয়ার জেনারেল ২৮.৯.২১  
কারা মহাপরিদর্শক  
পক্ষে - কারা মহাপরিদর্শক  
ig@prison.gov.bd

অনুলিপি কার্যার্থে/জ্ঞাতার্থেঃ

- ১। কমান্ড্যান্ট, কারা প্রশিক্ষণ একাডেমী, রাজশাহী।
- ২। সহকারী কারা মহাপরিদর্শক (সকল), কারা অধিদপ্তর, ঢাকা।
- ৩। প্রশাসনিক কর্মকর্তা-১/২, বাজেট অফিসার, স্টাফ অফিসার, পরিসংখ্যানবিদ, কারা অধিদপ্তর, ঢাকা।
- ৪। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারা অধিদপ্তর, ঢাকা। স্মারকটি কারা অধিদপ্তরের নিজস্ব ওয়েব সাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।
- ৫। ভারপ্রাপ্ত কর্মকর্তা, প্রিজন্স ইন্টেলিজেন্স ইউনিট, কারা অধিদপ্তর, ঢাকা।
- ৬। শাখা প্রধান, সকল শাখা, কারা অধিদপ্তর, ঢাকা।
- ৭। ব্যক্তিগত সহকারী, কারা অধিদপ্তর, ঢাকা। কারা মহাপরিদর্শক, অতিরিক্ত কারা মহাপরিদর্শক এবং কারা উপ-মহাপরিদর্শক, সদর দপ্তর (অঃদাঃ) মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ৮। গার্ড ফাইল।

  
২৪/৯/২১

মোহাম্মদ সাজ্জাদ হোসেন  
সহকারী কারা মহাপরিদর্শক (উন্নয়ন)  
ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা  
পক্ষে - কারা মহাপরিদর্শক  
aig.dev@prison.gov.bd